# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


Office of the
Executive Engineer
Bhola WD Division-I
BWDB, Bhola.
Phone : Office : 0491-61409
Residence : 0491-62490
FAX : 0491-61409

e-mail : xen.bhola1@gmail.com

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
ভোলা পানি উন্নয়ন বিভাগ-১
বাপাউবো, ভোলা।
ফোন : অফিস : ০৪৯১-৬১৪০৯
বাসা : ০৪৯১-৬২৪৯০
ফ্যাক্স : ০৪৯১-৬১৪০৯


স্মারক নং-ই-৫/১৩ তারিখঃ ০৩/০৭/২০২৫ খ্রিঃ

## "সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভোলা পানি উন্নয়ন বিভাগ-১, বাপাউবো, ভোলা দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ ক্রয় (Works) এবং ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের (Goods) লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪, তারিখঃ ২০-০৭-২০২০ খ্রিঃ মোতাবেক নির্ধারিত আবেদন হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ভোলা-এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করতঃ প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ১৭/০৮/২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরের সাধারণ শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে তালিকাভুক্তি ফরম বিক্রয়, গ্রহণ এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।

**১। ঠিকাদার তালিকাভুক্তির আবেদনের তফসিলঃ**

| ক্রমিক নং | ফরম বিক্রয় আরম্ভের তারিখ | ফরম বিক্রয়ের শেষ তারিখ | তালিকাভূক্তি আবেদন গ্রহণের শেষ সময় |
|---|---|---|---|
| ১। | ০৭/০৭/২০২৫ খ্রিঃ | ১৭/০৮/২০২৫ খ্রিঃ | ১৭/০৮/২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা |

**২। ঠিকাদার তালিকাভুক্তির আবেদনের তফসিলঃ**

| | |
|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | ১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ২) ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট ৩) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (কার্য ২৫.০০ লক্ষ টাকা, পণ্য-৩.০০ লক্ষ টাকা ন্যূনতম) ৪) জাতীয় পরিচয়পত্র ৫) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি ৬) ঠিকাদার/প্রতিষ্ঠানের মালিকের ৩০০/ (তিনশত) টাকার স্ট্যাম্পে অঙ্গীকারনামা ৭) প্রতিষ্ঠানের যন্ত্রপাতির তালিকা ৮) প্রতিষ্ঠানের জনবলের তালিকা। |
| আবেদন ফরম ফি | আবেদন ফরম ফি বাবদ ৫০০/- (পাঁচশত) (ভ্যাট ব্যতীত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ভোলা এর অনুকূলে। |
| তালিকাভুক্তিকরণ ফি | ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা ও ১৫% ভ্যাট বাবদ ৭৫০/-(সাত শত পঞ্চাশ) টাকার অফেরৎযোগ্য পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ভোলা এর অনুকূলে। |

**২। ঠিকাদার নবায়নের তফসিলঃ**

| | |
|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | ১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ২) ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট। |
| আবেদন ফরম ফি | আবেদন ফরম ফি বাবদ ৫০০/- (পাঁচশত) (ভ্যাট ব্যতীত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ভোলা এর অনুকূলে। |
| নবায়ন ফি | ২,০০০/-(দুই হাজার) টাকা ও ১৫% ভ্যাট বাবদ ৩০০/-(তিনশত) টাকার অফেরৎযোগ্য পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ভোলা এর অনুকূলে। |

(ক) উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**(খ) সীমিত দরপত্র পদ্ধতি (LTM) প্রয়োগের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি-৬৩ অনুসরণযোগ্য এবং এ তালিকাভুক্তি/নবায়ন দরপত্র আহ্বান/কাজ প্রদানের নিশ্চয়তা প্রদান করে না।**

(গ) সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) দরপত্রে অংশগ্রহণের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

প্রয়োজনেঃ- মোঃ শাখাওয়াত হোসেন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, অত্র দপ্তর। মোবাইল নং- ০১৭২৩-৪৭৬৩৯৫।

৩/৭/২৫
(মোঃ জিয়া উদ্দীন আরিফ)
নির্বাহী প্রকৌশলী
ভোলা পানি উন্নয়ন বিভাগ-১
বাপাউবো, ভোলা।

CS CamScanner

স্মারক নং-ই-৫/১৩/১(২২) তারিখঃ ০৩/০৭/২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্য্যার্থে জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ভোলা পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ভোলা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, পানি ভবন, (লেভেল-৬), ৭২ গ্রীন রোড, ঢাকা।
৪। জেলা প্রশাসক, ভোলা।
৫। পুলিশ সুপার, ভোলা।
৬। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, (লেভেল-৯), ৭২ গ্রীন রোড, ঢাকা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা এবং ১টি ইংরেজি জাতীয় সংবাদপত্রে এবং ভোলা জেলায় প্রকাশিত একটি আঞ্চলিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, (লেভেল-৬), ৭২ গ্রীন রোড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৮। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
৯। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।
১০-১২। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ সড়ক ও জনপথ বিভাগ/গণপূর্ত বিভাগ, ভোলা।
১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, ভোলা।
১৪-১৬। উপ-বিভাগীয় প্রকৌশলী, ভোলা পানি উন্নয়ন উপ-বিভাগ-১/২/বোরহানউদ্দিন পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, ভোলা।
১৭। সহকারী প্রকৌশলী, অত্র দপ্তর।
১৮-২০। উচ্চমান সহকারী/সহকারী হিসাব রক্ষক/ প্রাক্কলনিক অত্র দপ্তর।
২১। অফিস কপি।
২২। নোটিশ বোর্ড।

03/07/25

নির্বাহী প্রকৌশলী
ভোলা পানি উন্নয়ন বিভাগ-১
বাপাউবো, ভোলা।